

লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ০১/০৯/২০২১ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে লালমাটিয়া মহিলা কলেজে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে ০২/০৯/২০২১ থেকে ১১/০৯/২০২১ খ্রি: তারিখের মধ্যে ভর্তি হতে নির্দেশনা প্রদান করা হলো। শিক্ষার্থীরা ক্যাম্পাসে উপস্থিত না হয়েও বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেন্ট সিলেক্ট করে ভর্তি ফরম ও প্রসপেক্টাস ফি বাবদ (২০০/- + ২৫০/-) = ৪৫০/- ও বিকাশ চার্জ ৬/- টাকা সহ সর্বমোট ৪৫৬/- বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রেফারেন্স নম্বরের অবশ্যই অনার্স ভর্তি রোল উল্লেখ করতে হবে। বিকাশে উক্ত টাকা পরিশোধের পর [www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd) তে ভর্তির লিংকে ক্লিক করে ভর্তি ফরম যথাযথভাবে পূরণপূর্বক সাবমিট করতে হবে। উক্ত ফরম সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজ রোল/আইডি জানিয়ে দেওয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানে নাম ও শিক্ষার্থীর রোল/আইডি নম্বর লিখে কলেজের বিকাশ নম্বর (০১৮৪৬১৪৯৯৭৩) এর মাধ্যমে ভর্তির টাকা পরিশোধ করতে পারবে। এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ১০ নং কাউন্টারে নগদ ৪৫০/- টাকা জমা দিয়ে ভর্তির ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করে প্রত্যেক বিষয়ের জন্য নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়েও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। বিবরণ নিম্নরূপ-

☐ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ভর্তি ফরম পূরণ ও

প্রিন্ট কপি সংগ্রহের তারিখ

: ০২/০৯/২০২১ থেকে ১১/০৯/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত

☐ কলেজে ভর্তির তারিখ

: ০২/০৯/২০২১ থেকে ১২/০৯/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত

☐ ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্র্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।

(গ) সদ্য তোলা ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।


(ঘ) অনার্স ভর্তির প্রাথমিক আবেদনের মূল কপি।

☐ যারা অনলাইনে ভর্তি হবে তাদেরকে কলেজ খুললে সংশ্লিষ্ট বিভাগে উপরোক্ত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।

ভর্তির জন্য নির্ধারিত টাকার হিসাব (জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত রেজিস্ট্রেশন ফিসহ)

ক্রমিক নং	বিবরণ	স্নাতক (সম্মান) ১ম বর্ষ	
		বিএ/বিএসএস/বিবিএ	বিএসসি
১	মাসিক বেতন (প্রতি মাস)	১,১০০/-	১,১০০/-
২	ভর্তি ফি	২,৪০০/-	২,৪০০/-
৩	বিদ্যুৎ	৫০০/-	৫০০/-
৪	পানি	২০০/-	২০০/-
৫	পরিচয় পত্র ও কলেজ প্রতীক	২৫০/-	২৫০/-
৬	সেমিনার/সিম্পোজিয়াম	২,০০০/-	২,০০০/-
৭	ছাত্রীকল্যাণ তহবিল	৫০০/-	৫০০/-
৮	কমনরুম	২০০/-	২০০/-
৯	খেলাধুলা	৬০০/-	৬০০/-
১০	কলেজ বার্ষিকী	৩০০/-	৩০০/-
১১	লাইব্রেরি উন্নয়ন (পুস্তক ও জার্নাল ক্রয় এবং অন্যান্য)	৩৫০/-	৩৫০/-
১২	মিলাদ	২৫০/-	২৫০/-
১৩	চিকিৎসা	২৫০/-	২৫০/-
১৪	সাংস্কৃতিক	৬০০/-	৬০০/-
১৫	কলেজ উন্নয়ন	২,৫০০/-	২,৫০০/-
১৬	রিপোর্ট কার্ড	২৫০/-	২৫০/-
১৭	শিক্ষা পুরস্কার	১০০/-	১০০/-
১৮	শিক্ষক-কর্মচারী কল্যাণ তহবিল	১০০/-	১০০/-
১৯	রেজিস্ট্রেশন ফি	৪৮৫/-	৪৮৫/-
২০	রোভার স্কাউট ফি	২০/-	২০/-
২১	রেঞ্জার ফি	৫০/-	৫০/-
২২	রেড ক্রিসেন্ট ফি	১২/-	১২/-
২৩	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-
২৪	অনলাইন ফি	২৪০/-	২৪০/-
২৫	অন্যান্য	৩০০/-	৩০০/-
মোট =		১৩,৬০৭/-	১৩,৬০৭/-

ব্যবহারিক বিষয় থাকলে ব্যবহারিক ফি প্রতি বিষয় ৬০০/- টাকা, গবেষণাগার উন্নয়ন ফি ১৩০০/- টাকা, ইনকোর্স পরীক্ষা ফি ১০০০/-, নির্বাচনী পরীক্ষা ফি ১০০০/- এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে শিক্ষা সফর অন্তর্ভুক্ত থাকলে এক দিনের জন্য ৮০০/- টাকা পরবর্তীতে পরিশোধ করতে হবে।

  
অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা।

